



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/০৪/১১৭৬

তারিখঃ ২১/০৪/২০১৬খ্রিঃ।

পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি/রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/০৪/১০৪৭ তারিখ ০৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখ অনুযায়ী জারীকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, সিএসই, রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগে পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি/রেজিস্ট্রেশন এর নিমিত্তে নির্বাচিত শিক্ষার্থীদের (ফুল-টাইম ও পার্ট-টাইম) ২য় সেমিস্টারের জন্য কোর্স নির্বাচিত হওয়ার পর প্রতি কোর্সের রেজিস্ট্রেশন ফি' ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও থিসিস/প্রজেক্ট ফি' প্রতি ৩ ক্রেডিটের জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে এবং নিম্নলিখিত খাতের পার্শ্ব বর্ণিত ফি'সমূহ আগামী ০২/০৫/২০১৬ তারিখ সোমবার হইতে ১৯/০৫/২০১৬ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৮:০০ টা হইতে বিকাল ৪:০০ টা পর্যন্ত) কম্পিউটার অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হিসাব খাতে অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর-এ জমাদান পূর্বক ভর্তি/কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্য সম্পাদন করিতে হইবে।

২য় সেমিস্টার

ক্রমিক নং	ফি সমূহের খাত	সময়	ভর্তির জন্য নির্বাচিত ছাত্রের জন্য ফির পরিমাণ	
			ফুল-টাইম	পার্ট-টাইম
১।	ভর্তি ফি'	এককালীন	২৫০০/-	২৫০০/-
২।	রেজিস্ট্রেশন ফি'	এককালীন	১৫০০/-	১৫০০/-
৩।	ট্রান্সক্রিপ্ট ফি'	এককালীন	২০০/-	২০০/-
৪।	মেডিক্যাল ফি'	প্রতি সেমিস্টার	১৫০/-	১৫০/-
৫।	টিউশন ফি'	প্রতি সেমিস্টার	২৫০/-	২৫০/-
৬।	ছাত্র কল্যাণ ফি'	প্রতি সেমিস্টার	১৫০/-	১৫০/-
৭।	ধর্মীয় ফি'	প্রতি সেমিস্টার	৫০/-	৫০/-
৮।	পরীক্ষার ফি'	প্রতি সেমিস্টার	২৫০/-	২৫০/-
৯।	শ্রোডশীট ফি'	প্রতি সেমিস্টার	১০০/-	১০০/-
১০।	ম্যাগাজিন ফি'	প্রতি সেমিস্টার	৫০/-	৫০/-
১১।	খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম ফি'	প্রতি সেমিস্টার	১০০/-	১০০/-
১২।	যানবাহন ফি'	প্রতি সেমিস্টার	১৫০/-	১৫০/-
১৩।	পরিচয়পত্র ফি'	এককালীন	১৫০/-	১৫০/-
১৪।	ইন্টারনেট ফি'	এককালীন	২০০/-	২০০/-
	মোটঃ	--	৫৮০০/-	৫৮০০/-
১৫।	বিশ্ববিদ্যালয় কশানমানি (Caution money) (ফেরতযোগ্য)	এককালীন	১৫০০/-	১৫০০/-
১৬।	লাইব্রেরী কশানমানি (Caution money) (ফেরতযোগ্য)	এককালীন	৫০০/-	--

কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবেঃ-

- ভর্তির পূর্বে স্ব-স্ব বিভাগ কর্তৃক নির্বাচিত প্রার্থীদেরকে মূল সনদপত্র, শ্রেডশীট ও ট্রান্সক্রিপ্ট যাচাই (Verify) সংক্রান্ত প্রত্যয়নপত্র একাডেমিক শাখায় জমা দিয়া কোর্স রেজিস্ট্রেশন ফরম একাডেমিক শাখা হইতে সংগ্রহ করিয়া অনুমোদিত কোর্স সুস্পষ্টভাবে লিখিতে হইবে এবং ফর্মে Course Co-ordinator /Advisor-এর স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।
- কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা অথবা অন্য কোন সংশোধন করা যাইবে না; তবে বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমোদনের মাধ্যমে সংশোধন করা যাইবে।
- অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমে যথা-মাজা, ওভাররাইটিং ও ফ্লুইড ব্যবহার করা যাইবে না; তবে বিশেষ ক্ষেত্রে প্রয়োজন হইলে উক্ত স্থানে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে। রেজিস্ট্রেশন ফরমে স্বাক্ষরের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর প্রদান করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের ও কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় ফি'সমূহ কম্পিউটার অফিসের মাধ্যমে ব্যাংকে জমা দান পূর্বক ডিপোজিট স্লিপ কোর্স রেজিস্ট্রেশন ফরমের সাথে সংযুক্ত করিয়া সংশ্লিষ্ট Course Co-ordinator /Advisor-এর নিকট জমা দিতে হইবে। অন্যথায় কোর্স রেজিস্ট্রেশন অসম্পূর্ণ বলিয়া গণ্য হইবে।
- নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে।
- রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৯/০৫/২০১৬ খ্রিঃ Date of enrolment এর তারিখ হিসেবে বিবেচিত হইবে।
- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ হইতে পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট হলের সহিত সংযুক্ত থাকিতে হইবে এবং সংশ্লিষ্ট হলের নির্ধারিত ফি' পরিশোধ করিতে হইবে। হল প্রভোস্টের স্বাক্ষরবিহীন কোন রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করা হইবে না।

২১/০৪/১৬

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৯২০৪৭০৩ (অফিস)
তারিখঃ ২১/০৪/২০১৬ খ্রিঃ।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/০৪/১১৭৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে তুলিপি প্রেরিত হইল :

- পিএস টু ভিসি (ডাইস-চ্যাপেলের মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট;
- সদস্য-সচিব, বিশ্ববিদ্যালয় পোস্ট গ্রাজুয়েট কমিটি;
- পরীক্ষা নিয়ন্ত্রক;
- কম্পিউটার (ভারপ্রাপ্ত)
- সকল কোর্স কো-অর্ডিনেটর/এডভাইজর;
- প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
- ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর;
(টাকা জমা দেওয়ার ডিপোজিট স্লিপ প্রতিদিন কম্পিউটার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হইল);
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- অফিস কপি/গার্ড ফাইল।

২১/০৪/২০১৬
(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা